

M.A. 4th Semester Examination, 2021

বাংলা

(বিশেষ পত্রঃ মধ্যযুগের বাংলা সাহিত্য)

Course Title: চৈতন্য জীবনীসাহিত্য ও পুথি

Course Code: 403C

Course ID: 40153

সময়ঃ ২ ঘন্টা

পূর্ণমান: ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

ক) বৃন্দাবন দাসের 'চৈতন্য ভাগবত' আসলে নিমাই-এর চৈতন্য হয়ে উঠবার বৃত্তান্ত, -- 'চৈতন্য ভাগবত' গ্রন্থের আদি খণ্ড অনুসরণে আলোচনা করো।

১০

অথবা

'চৈতন্য ভাগবত' গ্রন্থে (আদি খণ্ড) চৈতন্য অবতারত্বের যে কারণ ব্যাখ্যাত হয়েছে, তা নিজের ভাষায় আলোচনা করো।

খ) "পূর্বে যেন পৃথিবীর ভার হরিবারে।

কৃষ্ণ আবতীর্ণ হৈলা শাস্ত্রেতে প্রচারে।।" প্রসঙ্গ উল্লেখ করে কৃষ্ণদাস কবিরাজের 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের আদি লীলা চতুর্থ পরিচ্ছেদ অবলম্বনে চৈতন্য অবতার তত্ত্ব ব্যাখ্যা করো।

১০

অথবা

চৈতন্য জীবনী গ্রন্থ হিসাবে জয়ানন্দের 'চৈতন্যমঙ্গল'-এর স্বাতন্ত্র্যের দিকগুলি চিহ্নিত করো।

গ) প্রাচীন পাণ্ডুলিপির পাঠোদ্ধার পদ্ধতি সম্পর্কে বিশদ আলোচনা করো।

১০

অথবা

প্রাচীন পুথির রক্ষণাবেক্ষণের বিজ্ঞানসম্মত পদ্ধতি সম্পর্কে আলোচনা করো।

২। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।

৫ x ২ = ১০

ক) 'চৈতন্য ভাগবত' অনুসারে হরিদাস ঠাকুরের মহিমা বর্ণনা করো।

খ) "তিন সুখ আশ্বাদিতে হব অবতীর্ণ।"- 'তিন সুখ' কী? এর পরিচয় দাও।

গ) জয়ানন্দের 'চৈতন্যমঙ্গল' গ্রন্থের আদি খণ্ডের বিষয়বস্তুর সংক্ষিপ্ত পরিচয় দাও।

ঘ) পাঠভেদ কাকে বলে উদাহরণসহ ব্যাখ্যা করো।